বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
১০-১১-২০২২ তারিখে অংশীজনের সাথে
বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত
পরিবীক্ষণ কমিটির ১ম সভার কার্যবিবরণী।

...

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জাকির হোসেন তরফদার<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) (চলতি দায়িত্ব) ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল। |
| সভার তারিখ | ১০ নভেম্বর, ২০২২ |
| সভার সময় | দুপুর ২:৩০ ঘটিকা |
| স্থান | মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল। |
| উপস্থিতি | অংশীজন, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সকল সদস্য, এপিএ টিম লিডার এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা (তালিকা সংযুক্ত)। |

বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সাথে অংশীজনের সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সকল সদস্য, এপিএ টিম লিডার, এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং অংশীজন হিসেবে তিতাস ফিল্ডে বর্তমানে কম্প্রেসর প্রকল্পের কাজে নিয়োজিতCPP Engr. Co. LtdএবংThe Royal Utilisation Services (PVT) Ltd.এর প্রতিনিধিগণ এর অংশগ্রহণে ১০-১১-২০২২ তারিখ বিকাল ২.৩০ ঘটিকায় প্রধান কার্যালয়ের মিটিং রুমে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল। উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি আলোচনা শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০ আলোচনা:

১.১। সভার শুরুতে কমিটির সদস্য-সচিব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী মাঠ পর্যায়ের অফিসের জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নির্দেশিকার অনুচ্ছেদ-২.২ অনুযায়ী অংশীজনের সাথে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে আলোচনা করেন। কোম্পানির বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মধ্যেও সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি অন্তর্ভূক্ত আছে। সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তাদের জবাবদিহিতা বৃদ্ধি করতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সেবা প্রক্রিয়া সহজিকরণ তথা সেবার মানোন্নয়নে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সাথে অংশীজনের অবহিতকরণ সভা এর গুরুত্ব অপরিসীম।

১.২। সভায় সভাপতি CPP Engr. Co. Ltd এর প্রতিনিধিকে তিতাস লোকেশন-এ তে কম্প্রেসর

স্থাপন কাজে কোনো ধরনের সমস্যা হচ্ছে কি না তা জানার জন্য বক্তব্য প্রদান করতে বলেন। CPP Engr. Co. Ltd এর প্রতিনিধি বলেন কোভিডের জন্য সাইটে মালামাল পৌঁছানোর ক্ষেত্রে কিছুটা সমস্যা হলেও বর্তমানে দ্রুততার সাথে কম্প্রেসর স্থাপন কাজ এগিয়ে যাচ্ছে। বিজিএফসিএল এর পক্ষ থেকে সার্বিক সহযোগিতার জন্য বিজিএফসিএল এর প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো উল্লেখ করেন বড় ধরনের কোনো সমস্যা না হলে আগামী জানুয়ারি/ফেব্রুয়ারি-২০২৩ সময়ের মধ্যে কম্প্রেসর কমিশনিং এর কাজ শুরু করা সম্ভব হবে। সভাপতি CPP Engr. Co. Ltd এর প্রতিনিধিকে অবহিত করেন প্রকল্পের কাজের সেবা প্রদানের ক্ষেত্রে কোনো সমস্যার জন্য বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণ করবে।

১.৩। The Royal Utilisation Services (PVT) Ltd.এর প্রতিনিধি সভায় তিতাস ফিল্ডের কম্প্রেসর প্রকল্পের সিভিল এবং মেকানিক্যাল কাজের বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন তাদের সাথে চুক্তিবদ্ধ কাজের প্রায় ৮৫% কাজ ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট কাজও সিডিউল সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে। এ বিষয়ে সভাপতি বলেন কম্প্রেসর স্থাপনের জন্য উত্তোলিত মাটি লোকেশন-এ এর ওয়েলহেড এপ্রোচ রোডের উপর রাখার কারণে রাস্তাটি ব্লক হয়ে গেছে। ওয়েলহেড এলাকায় যাতায়াত বিঘ্নিত হচ্ছে। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন। The Royal Utilisation Services (PVT) Ltd.এর প্রতিনিধি বলেন অতি দ্রুত এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে। ফিল্ডে কাজের ক্ষেত্রে কোনো সমস্যা হচ্ছে কি না জিজ্ঞাসা করা হলে The Royal Utilisation Services (PVT) Ltd.এর প্রতিনিধি বলেন এখন পর্যন্ত কোনো সমস্যা হয়নি। কোম্পানির কর্মকর্তাগণ সকলেই আন্তরিকভাবে সহযোগিতা করেন। তিনি একটি বিষয় উল্লেখ করেন, প্রকল্পের কাজের অনেক গুরুত্বপূর্ণ মালামাল ফিল্ডের বিভিন্ন স্থানে সংরক্ষিত আছে। মাঝে মাঝে সন্ধ্যায় বৈদ্যুতিক সমস্যার কারণে কিছু জায়গায় লাইট জ্বলে না। ফলে রাতে প্রকল্পের মালামালের নিরাপত্তাজনিত একটু সমস্যা হয়। এ বিষয়ে সভাপতি বলেন, বৈদ্যুতিক সমস্যার বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তাদের অবহিত করে প্রকল্পের মালামালের নিরাপত্তা নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

১.৪। সভায় প্রকল্পের কাজ শেষে সাইটের অব্যবহৃত মালামাল/আবর্জনাসমূহ নিয়ে আলোচনা করা হয়। কমিটির সদস্য-সচিব উল্লেখ করেন, প্রকল্পের কাজ শেষে অব্যবহৃত মালামাল/আবর্জনাসমূহ সাইটের আশপাশে ছড়িয়ে ছিটিয়ে পড়ে থাকে যা প্রকল্প এলাকার সৌন্দর্য্যকে নষ্ট করে। তিনি The Royal Utilisation Services (PVT) Ltd.এর প্রতিনিধিকে তিতাস ফিল্ডে কম্প্রেসর প্রকল্পের কাজ শেষে সাইট ক্লিনিং করে প্রকল্প এলাকাটি দৃষ্টিনন্দন করার জন্য অনুরোধ করেন। The Royal Utilisation Services (PVT) Ltd.এর প্রতিনিধি কমিটিকে আশ্বস্থ করে বলেন তিনি এ বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করবেন।

২.০ সিদ্ধান্ত :

২.১। রাতে তিতাস ফিল্ডে কম্প্রেসর প্রকল্পের মালামালের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সার্বক্ষণিক বৈদ্যুতিক ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করা;

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জাকির হোসেন তরফদার
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) (চলতি দায়িত্ব) ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২২.১৭

তারিখ: ৩ পৌষ ১৪২৯
১৮ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক (কম্প্রেসর এন্ড জেনারেটর), কম্প্রেসর ও জেনারেটর ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড এবং আহবায়ক ও টিম লিডার, এপিএ টিম, বিজিএফসিএল।

২) মহাব্যবস্থাপক (অনুসন্ধান), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৩) উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা), পরিকল্পনা বিভাগ , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম, বিজিএফসিএল।

৪) ব্যবস্থাপক/প্রকল্প প্রকৌশলী, তিতাস গ্যাস ফিল্ডের লোকেশন-এ তে ওয়েলহেড কম্প্রেসর স্থাপন প্রকল্প , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৫) ব্যবস্থাপক, প্লান্ট মেইনটেন্যান্স শাখা(তিতাস ফিল্ড), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৬) ব্যবস্থাপক(রিজার্ভার ইঞ্জিনিয়ারিং), রিজার্ভয়ার শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৭) ব্যবস্থাপক (আইডব্লিউটি), ইনফরমেশন এন্ড ওয়েবসাইট টেকনোলজি শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৮) ব্যবস্থাপক (জনসংযোগ), জনসংযোগ বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৯) WangZhaokun, Preject Director, CPP Engineering Co. Ltd. - CPP Engr. Co. Ltd। এর প্রতিনিধি।

১০) Engr. Khawja Ahmed, Director (OP), Royal Technic - The Royal Utilisation Services (PVT) Ltd. এর প্রতিনিধি

১১) Engr. Md Enamul Kibria, HSE Manager, CPP Engr. Co. Ltd - CPP Engr. Co. Ltd এর প্রতিনিধি।

১২) Md. Chand Mia, Construction Manager, Royal Technic - The Royal Utilisation Services (PVT) Ltd. এর প্রতিনিধি।

মোঃ জাকির হোসেন তরফদার
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) (চলতি দায়িত্ব) ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল।